



নোয়াখালীতে জুলাই স্মৃতিস্তম্ভে অগ্নিসংযোগ ছাত্রলীগের



সংগৃহীত ছবি

নোয়াখালী শহরের টাউন হল মোড়ে শহীদ মিনারের পাশে নির্মিত জুলাই স্মৃতিস্তম্ভে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে।

শনিবার (১৩ জুন) ভোররাতে এ ঘটনা ঘটে। পরে ঘটনাটির একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে, যা নিয়ে এলাকায় ব্যাপক আলোচনা শুরু হয়।

প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা যায়, কয়েকজন যুবক স্মৃতিস্তম্ভে আগুন দিয়ে দ্রুত স্থান ত্যাগ করে। ছড়িয়ে পড়া ভিডিওতে আগুন দেওয়ার সময় কয়েকজনকে বিভিন্ন রাজনৈতিক স্লোগান দিতে শোনা যায়।

ঘটনার পর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মী ও স্থানীয় বাসিন্দারা ক্ষোভ প্রকাশ করেন। তারা জড়িতদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানান।

খবর পেয়ে সকালে পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেন। সিসিটিভি ফুটেজ, ভিডিওচিত্র এবং প্রত্যক্ষদর্শীদের তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্টদের শনাক্তের চেষ্টা চলছে।

সুধারাম মডেল থানার ওসি মোহাম্মদ কামরুল ইসলাম বলেন, ঘটনায় জড়িতদের চিহ্নিত করতে তদন্ত চলছে। একই সঙ্গে শহরের গুরুত্বপূর্ণ এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।